

## নিট ইস্যুতে ব্যবস্থা নেওয়া হচ্ছে : প্রসাদ

পাটনা, ৩০ জুন : নিট-ইউজি পরীক্ষায় অনিয়ম ইস্যুতে বিরোধীদের অভিযোগ খণ্ডন করলেন বিজেপি নেতা রবিশঙ্কর প্রসাদ। তিনি বলেছেন, আমরা প্রসাদ নেই, নিট ইস্যুতে ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং লোকজন গ্রেফতারও হচ্ছে। নিট-ইউজি পরীক্ষায় অনিয়ম ইস্যুতে রবিবার পাটনায় সাংবাদিকদের প্রশ্নের মুখে মুখি হন রবিশঙ্কর প্রসাদ। তিনি বলেছেন, আমরা নীরব নই ও বসে নেই। আমরা ব্যবস্থা নিচ্ছি এবং লোকজনকে গ্রেফতার করা হচ্ছে। কংগ্রেস শুধু কথা বলে, তবে আমরা কাজ করি। ভারতে জরুরি অবস্থা জারি হওয়ার ৫০ বছর পরেও তারা ক্ষমা চায়নি।

## তিস্তা বাঁধ থেকে ছাড়া হলো জল

শিলিগুড়ি, ৩০ জুন : শনিবার রাত থেকে একটানা বৃষ্টি চলছে ধুপগুড়ি-সহ ডুয়ার্সে। রবিবারও বিরাম নেই তাতে। আর এর ফলেই বিপর্যস্ত জনজীবন। এদিন বৃষ্টি ও গোড়া হাওয়ায় উপড়ে পড়ে যাচ্ছে। ফলে ব্যাপক চাঞ্চল্য ছড়ায় ধুপগুড়ি স্টেশন মোড় এলাকায়। একটানা বৃষ্টিতে জলমগ্ন ধুপগুড়ি পৌরসভার একাধিক ওয়ার্ড। রাস্তায় ব্যাপক যানজট তৈরি হয় এদিন। এদিকে একটানা বৃষ্টির জেরে জলস্তর বেড়েছে তিস্তা নদীতে। তিস্তায় জারি হয়েছে সতর্কতা। জানা গেছে, রবিবার সকালেই গজলডোবা তিস্তা ব্যারেজ থেকে প্রায় ২৬০০ কিউসেকের বেশি জল ছাড়া হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, এই জল ছাড়ার ফলে প্লাবনের পরিস্থিতি তৈরি হয়েছে একাধিক এলাকায়।

## বিজেপি সংরক্ষণের বিরুদ্ধে : অখিলেশ

লখনউ, ৩০ জুন : বিজেপির বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব। রবিবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে অখিলেশ যাদব বলেছেন, বিজেপি সংরক্ষণের মৌলিক মূল্যবোধের বিরুদ্ধে কাজ করছে। পিছিয়ে পড়া, দলিত ও সংখ্যালঘুদের পরিবারের সঙ্গে বৈষম্য ঘটছে। অখিলেশ যাদব আরও বলেছেন, দিল্লি ও উত্তর প্রদেশ থেকে নিযুক্ত ভাইস-চ্যান্সেলরদের মধ্যে পিছিয়ে পড়া, দলিত ও সংখ্যালঘু পরিবারের কোনও প্রতিনিধিত্ব নেই। দিল্লির কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়গুলিতে পিছিয়ে পড়া, দলিত ও সংখ্যালঘু পরিবারের কোনও প্রতিনিধিত্ব নেই।

## জরুরী পরিষেবা

হাসপাতাল : জি বি-২৩৫৫৮৮, আই জি এম-২৩২৫৬০৬, আন্বেদকর হাসপাতাল-২২০৫০৫, ক্যান্সার হাসপাতাল-২৩৫২৭৭৯, সুপার স্পেশালিটি হাসপাতাল-২৩৫১১৮২, ২৩৫১১৮৩  
নার্সিং হোম : ভৌমিক পলিক্লিনিক-২৩২৬২৬, ২৩২০৯৮৬, আগরতলা নার্সিং হোম-২৩০৯৬৬৫, ২৩০৯৬৬৬, লাইফ লাইন-২৩২৩৮২৯, কোয়ার এন্ড কিউর-২৩২৩৩৮১, ট্রফিক্যাল নার্সিং হোম-২২২০০২৬, সঞ্জীবনী নার্সিং হোম-২২০০৬৯০  
অ্যাম্বুল্যান্স : আগরতলা হাসপাতাল-২৩০৯৬৬৫, রিলিভার্স-২২৩০১৮১, লালবাহাদুর ক্লাব-২৩২৮৫১১/৯৪৩৫০৮-৮৬৩৯, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয়-২৩৮০০৮০, ২৩৮০৬৪৫, এ বি এস অ্যাম্বুল্যান্স-৯৪৩৬১২৫০৬৫ (মোঃ) ক্রি অ্যাম্বুল্যান্স সার্ভিস : শিবনগর মর্ডান ক্লাব ও আমরা তরুণ দল-২৫১৯৯০০, জেনেসিস-২৩৩৬৬০, রোড ক্রস সোসাইটি-২৩১৯৬৭৮, টি আর টি সি-২৩২৫৬৮৫  
ব্লাড ব্যাঙ্ক : জি বি-২৩৫৫৫১২, আই জি এম-২৩২৩৩০২  
শববাহী যান : আগরতলা ক্লাব-৯৪৩৬৫৯১৮১, ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট-২৩৮৫৮৫২, ট্রাক অপারেটর্স সিন্ডিকেট-২৩৮৬৪২৩, রিলিভার্স-২২৩০১৮১  
ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন-১০১, ২৩২৫৬৩০, বাধারঘাট ১০১, ২৩৭৪৩৩৩, কুঞ্জবন-২৩৫৩১০১, মহারাজগঞ্জ বাজার-২৩৮৩১০১  
থানা : পশ্চিম থানা-২৩২৫৭৫৬, পূর্ব থানা-২৩২৫৭৭৪, আমতলী থানা-২২৩০৩৮৫, এয়ারপোর্ট থানা-২৩৪২২৫৮, সিটি কম্ট্রোল-২৩২৫৭৮৪  
বিদ্যুৎ : বনমালীপুর-২৩২৬৬৪০ (রাত ১০টা পর্যন্ত) এরপর ২৩২৬২১৩ (২৪ ঘন্টা), দুর্গা চৌমুহনী-২৩০৭৩০ (রাত ১০টা পর্যন্ত), জি বি-২৩৫৬৪৪৮, বড়দোয়ারী-২৩৭০২৩০, ২৩৭০০০৮, আই জি এম-২৩২৬৪০৫, কলেজটিলা-২৩২৪৪৮৬  
বিমান : সিটি অফিস-২৩২৫৪০০, ২৩১১২৭৬, বিমান বন্দর-২৩৪২০২০  
আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি-২৩২৬২৩৯  
রেলওয়ে রিজার্ভেশন কাউন্টার-২৩২৫৫৩৫

## বিলোনীয়ায় ব্যাঙের ছাতার মতো গজিয়ে উঠছে মাইক্রো ফাইন্যান্স

গণদূত প্রতিনিধি, বিলোনিয়া, ৩০ জুন।। বিলোনিয়াতে ব্যাঙ এর ছাতার মতো গজিয়ে উঠেছে মাইক্রো ফাইন্যান্স কোম্পানি। সাধারণ জনগণ বিভিন্ন ব্যাঙ্কের সমস্যার সম্মুখীন হয়ে এই ফাইন্যান্স কোম্পানির দিকে পা বাড়িয়ে দেয়। কিন্তু গজিয়ে ওঠা মাইক্রো ফাইন্যান্স কোম্পানিতে গেলেই ভোটার কার্ড ও আধার কার্ড জমা দেওয়ার পর অতি সহজেই ঋন গ্রহিতারা ঋন পেয়ে যায়। তার পরে শুরু হয় ঋনগ্রহীতাদের কাছ থেকে ঋন নেওয়ার জন্য মাইক্রো ফাইন্যান্স কোম্পানির কর্মীদের উৎপাত। ঋন গ্রহিতারা এক মাস ঋন দিতে না পারলে মাইক্রো ফাইন্যান্স কোম্পানির কর্মকর্তাদের পক্ষ থেকে শুরু হয়ে যায় মানসিক অত্যাচার। এরপর ঋন গ্রহিতারা আত্মহত্যার পথ বেছে নেয়। ফাইন্যান্স কোম্পানির কাছ থেকে ঋন নিয়ে ঋন গ্রহিতাদের আত্মহত্যার ঘটনা নেহাত কম নয়। এক মাসের মাইক্রো ফাইন্যান্স কোম্পানির ঋনের টাকা দিতে না পারায়, এক হত দরিদ্র রঞ্জিত রুদ্র পালের ঘরের দরজা তালা

## ধূতেরা জেরায় নিট দুর্নীতির দুই পাণ্ডুর

নয়াদিল্লি, ৩০ জুন। ডাক্তারির সর্বভারতীয় প্রবেশিকা নিট দুর্নীতিকাণ্ডে ধূতদের বেশির ভাগই জেরায় নাম নিয়েছে সঞ্জীব মুখিয়া এবং সিন্দুধর যাদববন্দর। সিবিআই সূত্রে উদ্ধৃত করে তেমনটাই জানিয়েছে সংবাদমাধ্যম। এই দু'জনকে দুর্নীতিকাণ্ডের 'মাস্টারমাইন্ড' বলে মনে করছেন তদন্তকারীরা। ওই সূত্র জানাচ্ছে, দুর্নীতিকাণ্ডে ধূতেরাই যখন আদালতে বয়ান দিয়েছেন, তাকে নাকি অন্য কথা বলেছেন। অর্থাৎ জেরায় উঠে আসা তথ্য এবং বয়ানের মধ্যে ফারাক রয়েছে। নিটে প্রশ্ন ফাঁসের অভিযোগ উঠেছে। সারা দেশে চলাছে ধরপাকড়া। তদন্তে নেমেছে সিবিআই। বিহার, ঝাড়খণ্ড, দেহরাদুন থেকে গ্রেফতার করেছে তারা। বিহার থেকে ধূতদের বেউর জেলে জেরা করেছেন তদন্তকারীরা। সেই জেরাতেই অভিযুক্তেরা সঞ্জীব এবং সিন্দুধরের নাম নিয়েছেন বলে সূত্রের খবর। তবে আদালতে তাঁরা যে বয়ান দিয়েছেন, তাতে অন্য কথা রয়েছে। অভিযোগ, নিট

সকাল সাড়ে এগারোটো নাগাদ ডিসিএম সঞ্জয় শীল সহ অন্যান্য অফিসাররা বেদিকা ক্রেডিট ক্যাপিটাল লিমিটেড বিলোনিয়া শাখা অফিসে গিয়ে শাখা সঞ্চালকের সাথে দেখা করে এই কোম্পানির কাগজপত্র খতিয়ে দেখেন। এরমধ্যে ডিসিএম শাখা অফিসের প্রধান অফিসার বি আই প্রেসক্রাইব রোট অনুসারে কচটাকা পর্যন্ত ঋণ শোধ নেওয়া যায়, মাইক্রো ফাইন্যান্স কোম্পানি চালাতে গেলে সরকারের কি কি শর্ত মানতে হবে এবং তাদের আইডেন্টি প্রভ আছে কিনা ডিসিএম সঞ্জয় শীল জানতে চাইলে। কিন্তু কোন সদুত্তর দিতে পারেননি শাখা সঞ্চালক সহ কোম্পানির ঋন আদায় কারী দুই কর্মী। পাশাপাশি ট্রেড লাইসেন্স দেখাতে পারেননি শাখা সঞ্চালক। সাথে সাথে বেদিকা ক্রেডিট ক্যাপিটাল লিমিটেড বিলোনিয়া শাখা অফিসে দরজায় তালা বুলিয়ে সিল করে দিল বিলোনিয়া মহকুমা প্রশাসন। ঋন গ্রহিতার বাড়িতে দরজায় তালা বুলানোর বিষয় নিয়ে আইনি প্রক্রিয়া সহ শোকজ নোটিশ পাঠাবেন বলে জানান ডিসিএম সঞ্জয় শীল

## বিভিন্ন দাবীতে বিশালগড়ে সিপিএমের প্রতিবাদ কর্মসূচী

গণদূত প্রতিনিধি, বিশালগড়, ৩০ জুন।। রবিবার সিপিআইএম এর উদ্যোগে বিশালগড় অফিসটিলাসিত সিপিআইএম মহকুমা পাঠি কার্যালয়ে শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থান দুর্নীতি, রেগা মজুরি মূল্য বৃদ্ধির দাবীতে, রাজ্যে শাসকদল তথা বিজেপি সরকারের সমালোচনায় প্রতিবাদ কর্মসূচী পালন করা হয়। প্রতিবাদ কর্মসূচীতে উপস্থিত ছিলেন, বিশালগড়ের সিপিএমের প্রাক্তন বিধায়ক, ভানু লাল সাহা, সিপিএম বিশালগড় মহকুমা কমিটির সম্পাদক সিদ্দিকুর রহমান, সিপিআইএম জেলা কমিটির জেলা সম্পাদক, প্রার্থ প্রতীম মজুমদার সহ সিপিএম কর্মসমর্থন। সিপিআইএম প্রতিবাদ কর্মসূচী সভার সভাপতি সিদ্দিকুর রহমান বলেন, রাজ্যের শাসক তথা কেন্দ্রীয় নেতৃত্বধীন বিজেপি সরকার, শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থানের ব্যাপক দুর্নীতি করছে, বেকারত্ব দেশের অধিকহারে বৃদ্ধি পাচ্ছে, নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম প্রতিনিয়ত বেড়েছে। কিন্তু অমিকদের অশ্রমের মূল্য তেমন বৃদ্ধি পাচ্ছে না তিনি আর বলেন, ইতিমধ্যে রাজ্য সরকার তথা বিজেপি ১৬০টি একত্রীয় করণের যাচাই বাছাই কাজ চলেছে, কিছুদিন মধ্যে বিদ্যালয়ে তালিকা প্রকাশ হতে যাচ্ছে।

## রামকৃষ্ণ মিশনের যুব সম্মেলন



গণদূত প্রতিনিধি, বিশালগড়, ৩০ জুন।। রামকৃষ্ণ মিশন বিবেকনগর ও ত্রিপুরা রামকৃষ্ণ বিবেকানন্দ ডাব প্রচার পরিষদের যৌথ উদ্যোগে রবিবার সিপাহীজলা জেলাভিত্তিক যুব সম্মেলন অনুষ্ঠিত হয়ে বিশালাগড় শচীন দেববর্মন সাংস্কৃতিক কলাক্ষেত্রে। রবিবার সকাল ৯টা ৩০ মিনিটে সিপাহী জলা জেলা ভিত্তিক যুব সম্মেলনে উপস্থিত ছিলেন স্বামী শুভকরানন্দ জী মহারাজ অধ্যক্ষ বিবেকনগর মঠ ও মিশন ত্রিপুরা। এছাড়া উপস্থিত স্বামী সুনিশ্চিতা নন্দ জী মহারাজ রামকৃষ্ণ মিশন বিবেকনগর আগরতলা। এছাড়া উপস্থিত ছিলেন স্বামী বুদ্ধিরপানন্দ

## স্বামী স্ত্রীকে মারধোর থানায় মামলা

গণদূত প্রতিনিধি, বিশালগড়, ৩০ জুন।। স্বামীকে বাঁচাতে গিয়ে স্ত্রীলতাহানি এবং মারধোরের শিকার এক মহিলা। জানা গেছে গোলাঘাটি বিধানসভার অন্তর্গত কাঞ্চনমালা বাজার সংলগ্ন এলাকার গৌতম সরকারের বাড়ির সামনে উনার বাইক পার্কিং কে কেন্দ্র করে একই এলাকার প্রিয়তম সরকার নামে এক যুবক গৌতম সরকারের সাথে বগড়া বিবাদ শুরু করে। পরে প্রিয়তম সরকার নামে যুবকটি তার দুই বন্ধু পিন্টু দাস এবং রাকেশ দেবনাথকে ফোন করে ডেকে এনে তিনজন মিলে গৌতম সরকারের উপর আক্রমণ করে। স্বামীকে বাঁচাতে গৌতম সরকারের স্ত্রী ছুটে আসলে উনার উপরেও মারধোর সহ স্ত্রীলতাহানি করে বলে অভিযোগ। এই ঘটনায় রবিবার দুপুরে গৌতম সরকারের স্ত্রী আমতলী থানার দারস্ত হয়ে অভিযুক্ত প্রিয়তম সরকার, রাকেশ দেবনাথ এবং পিন্টু দাসের বিরুদ্ধে মারধোর এবং স্ত্রীলতাহানির অভিযোগ এনে লিখিত আকারে মামলা দায়ের করেন। আমতলী থানার পুলিশ তাদদেরকে আশ্রয় দিয়েছেন গোটা ঘটনাটি তদন্ত করে আইনগত পদক্ষেপ গ্রহণ করবে। এদিকে এই ঘটনা নিয়ে গোটা কাঞ্চনমালা এলাকা জুড়ে তীব্র উত্তেজনা বিরাজ করছে এবং নির্যাতিতা মহিলা সহ স্থানীয় এলাকাবাসীরা অভিযুক্তদের দৃষ্টান্ত মূলক শাস্তির দাবি জানাচ্ছে।

## যাত্রীদের সুবিধার্থে ট্রেন চলাচলের মেয়াদ বৃদ্ধি উন্নয়নমূলক কাজের জন্য ট্রেন বাতিল পথ পরিবর্তন ও সময় পুনর্নির্ধারণ

মালিগাঁও, ৩০ জুন, ২০২৪ : যাত্রীদের অতিরিক্ত ভিডি হ্রাস করার লক্ষ্যে কয়েকটি ট্রেনের পরিষেবা অব্যাহত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই ট্রেনগুলি বিদ্যমান পরিষেবার দিন, সময়সূচি ও স্টপেজের সাথে চলাচল করবে। সেই অনুযায়ী ট্রেন নং. ০৭০২৯ (আগরতলা-সেকেদ্রাবাদ) স্পেশাল ০৫ জুলাই থেকে ০৪ অক্টোবর, ২০২৪ পর্যন্ত প্রত্যেক শুক্রবার এবং ফেরত যাত্রার সময় ট্রেন নং. ০৭০৩০ (সেকেদ্রাবাদ-আগরতলা) স্পেশাল ০১ জুলাই থেকে ৩০ সেপ্টেম্বর, ২০২৪ পর্যন্ত প্রত্যেক সোমবার করে চলাচল করবে। একইভাবে উভয় দিক থেকে পাঁচটি করে ট্রিপের জন্য ট্রেন নং. ০৩০২৮ (নিউ জলপাইগুড়ি-হাওড়া) স্পেশাল ০৪ জুলাই থেকে ০১ আগস্ট, ২০২৪ পর্যন্ত প্রত্যেক বৃহস্পতিবার এবং ফেরত যাত্রার সময় ট্রেন নং. ০৩০২৭ (হাওড়া-নিউ জলপাইগুড়ি) স্পেশাল ০৩ থেকে ৩১ জুলাই, ২০২৪ পর্যন্ত প্রত্যেক বুধবার করে চলাচল করবে। উভয় দিক থেকে চারটি করে ট্রিপের জন্য ট্রেন নং. ০৩১০৬ (জাগীরোড-শিয়ালদহ) স্পেশাল ০৬ থেকে ২৭ জুলাই, ২০২৪ পর্যন্ত প্রত্যেক শনিবার করে এবং ফেরত যাত্রার সময় ০৩১০৫ (শিয়ালদহ-জাগীরোড) স্পেশাল ০৫ থেকে ২৬ জুলাই, ২০২৪ পর্যন্ত প্রত্যেক শুক্রবার করে চলাচল করবে। উন্নয়নমূলক



কাজের জন্য নর্থ ইস্টার্ন রেলওয়ের গোড়া-বুরওয়াল সেকশনে প্রস্তাবিত ত্রি নন-ইন্টারলকিং ও নন-ইন্টারলকিং কাজ এবং সাউথ ইস্টার্ন রেলওয়ের খড়গপুর ডিভিশনের অধীনে অভ্যন্তরীণ নন-ইন্টারলকিং কাজের পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত ট্রেনগুলির চলাচল নীচের বিবরণ

নর্থ ইস্টার্ন রেলওয়ের গোড়া-বুরওয়াল সেকশনে প্রস্তাবিত ত্রি নন-ইন্টারলকিং ও নন-ইন্টারলকিং কাজ এবং সাউথ ইস্টার্ন রেলওয়ের খড়গপুর ডিভিশনের অধীনে অভ্যন্তরীণ নন-ইন্টারলকিং কাজের পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত ট্রেনগুলির চলাচল নীচের বিবরণ	
১ জুলাই, ২০২৪ তারিখে রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ০৫৬৫৬ (গুয়াহাটি-জম্মু তাওয়ারী) এক্সপ্রেস এবং ট্রেন নং. ০৪৬৭৯ (গুয়াহাটি-শ্রী মাতা বৈষ্ণবী কাতরা) স্পেশাল।	নব্যায়ী বাতিল, পথ পরিবর্তন ও সময় পুনর্নির্ধারণ করা হয়েছে: ট্রেনের বাতিলকরণ: ১ জুলাই, ২০২৪ তারিখে রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ০৫৬৫৬ (গুয়াহাটি-জম্মু তাওয়ারী) এক্সপ্রেস এবং ট্রেন নং. ০৪৬৭৯ (গুয়াহাটি-শ্রী মাতা বৈষ্ণবী কাতরা) স্পেশাল।

### বিজ্ঞপ্তি

এটি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, NERPSIP (নর্থ ইস্টার্ন পাওয়ার সিস্টেম ইমপ্রুভমেন্ট প্রজেক্ট) ত্রিপুরার অধীনে নবনির্মিত ৩৩ কেভি মহারানী থেকে গর্জি ট্রান্সমিশন লাইন ০১.০৭.২০২৪ তারিখে বা তার পরে যেকোনো মুহূর্তে চার্জ করা হবে। উপরের ৩৩ কেভি সঞ্চালন লাইনটি উদয়পুর মহকুমার অধীন মহারানী, হীরাপুর, ২নং ফুলকুমারী, দুর্গা বাড়ি, ফুলকুমারী, কল্লভরু আশ্রম, মেছ ফ্যাক্টরি, মাতা বাড়ি, বেলাতলী, চন্দ্রপুর, পেরাতিয়া, নাতিন টিলা, বাজরাবাড়ি, গার্জি অঞ্চলাংশের মধ্য দিয়ে যাচ্ছে। তাই, সকল জনসাধারণকে এতদ্বারা লাইনের খুঁটিতে আরোহণ না করার বা লাইন কন্টাক্টের স্পর্শ না করার বা লাইনের কাছাকাছি না আসার জন্য অনুরোধ করা হচ্ছে। ত্রিপুরা স্টেট ইলেকট্রিসিটি কর্পোরেশন বা পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড কোন প্রকার অপ্রীতিকর ঘটনার জন্য দায়ী থাকবে না।

DGM (Transmission)  
TSECL, Udaipur

## ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড (ভারত সরকারের একটি উদ্যোগ)

এলপিজি ডিস্ট্রিবিউটর নিয়োগের জন্য বিজ্ঞপ্তি										
সিরিয়াল নং	তেল কোম্পানি	অবস্থান (গ্রাম)	গ্রাম পঞ্চায়েত/এলপিজি গ্রাম কমিটি	উপ বিভাগ	ব্লক	জেলা	বিষয় শ্রেণী**	মার্কেটের ধরন	নিরাপত্তা আনানত (পরিমাপ লক্ষ্যে)	বিপণন পরিকল্পনা
১	বিপিসি	১. মানিকপুর ডিসি ২. দেবছেরা ডিসি	১. মানিকপুর ডিসি ২. দেবছেরা ডিসি	লংঘারাই উপত্যকা	টৌম্নু	ধলাই	ওবিসি (জিপি)	দুর্গম ক্ষেত্রীয় বিতরণক	৩	২০২২-২৩

\*\* ব্যবহৃত পরিভাষাগুলির অর্থ নিম্নরূপ:  
ওবিসি (জিপি)-প্রতিরক্ষা কর্মচারী, কেন্দ্র/রাজ্য সরকার কর্মচারী ও কেন্দ্র/রাজ্য সরকার অধিগৃহীত সংস্থার কর্মচারী যারা অন্যান্য অনন্য প্রসঙ্গ শ্রেণীভুক্ত, তাদের নিয়ে গঠিত সরকারি কর্মচারীগণ:  
১. এলপিজি ডিস্ট্রিবিউটর নির্বাচনের জন্য যোগ্যতার শর্তাবলী, সেইসাথে এলপিজি গোড়াউত্বের জন্য জমির / এলপিজি গোড়াউত্বের, শোকারদের জন্য জমি / ইটরি শোকারদের পরিকাঠামোর আংশিক শর্তাবলী, সিলিভার বাড়িতে পৌঁছে দেওয়ার পরিকাঠামো ইত্যাদির বিস্তারিত নির্দেশাবলী এবং মনোনয়ন পদ্ধতির বিস্তারিত বিবরণ ড্রেশিওরে উল্লিখিত আছে। তেল কোম্পানির ওয়েবসাইটে, এই বিস্তৃত নথিটি বিপিসিএল-এর www.bharatpetroleum.in-এ এই ড্রেশিওর ডাউনলোড করা যাবে। ড্রেশিওরটি www.lpgvitarakchayan.in-এই ওয়েবসাইটে থেকেও ডাউনলোড করা যাবে।  
২. যোগ্যতার শর্তাবলী পূরণকারী দুর্গম ক্ষেত্রীয় বিতরণ হিসাবে মনোনয়নের জন্য আবেদনে আশ্রয় ব্যক্তিগত www.lpgvitarakchayan.in ওয়েবসাইটে লগ অন করবেন এবং নিজেদের ওয়েবসাইটে রজিস্টার করবেন। রজিস্টার করার পর তারা নিজেদের আকাউন্টে লগ ইন করবেন, সমস্ত বিষয়ে প্রয়োজনীয় বিবরণ পূরণ করবেন এবং ৩০.০৭.২০২৪ তারিখ বিকেল ৫টা ৫৫ মিনিট বা তার আগে অনলাইনে আবেদনপত্র দাখিল করবেন। আবেদনপত্র দাখিল করার আগে আবেদনকারীর পাসপোর্ট সাইজ ফটোগ্রাফ ও স্বাক্ষরের স্ক্যান করা প্রতিসিপি পৃথক পৃথক ফাইলে আপলোড করতে হবে এবং ওয়েবসাইটে www.lpgvitarakchayan.in-এ উপলব্ধ ইন্টারনেট ব্যান্ড / ডেভিট কার্ড / ক্রেডিট কার্ড - অর্থপ্রদানের সুবিধার মাধ্যমে প্রযোজ্য অফেততোযোগ্য আবেদন ফি দাখিল করতে হবে। দুর্গম ক্ষেত্রীয় বিতরণের জন্য অ-ফেততোযোগ্য আর্য়াক্রেশন ফি-গিলির বিশ বিবরণ নীচের টেবিল ১ তে দেওয়া হল।

টেবিল ১-গ্রামীণ বিতরণ ও দুর্গম ক্ষেত্রীয় বিতরণের জন্য অফেততোযোগ্য আবেদন ফি:	
বিভাগ	অফেততোযোগ্য আবেদন ফি
ওপেন	টাকা ৮,০০০ (আট হাজার টাকা মাত্র)**
ওবিসি	টাকা ৪,০০০ (চার হাজার টাকা মাত্র)
এসসি / এসটি	টাকা ২,৫০০ (দুই হাজার পাঁচশ টাকা মাত্র)

\*\*ওপেন বিভাগের গ্রামীণ বিতরণ ও দুর্গম ক্ষেত্রীয় বিতরণের জন্য আবেদনকারী এসসি / এসটি প্রার্থীরা অফেততোযোগ্য আবেদন ফি হিসাবে ২৫০০ টাকা (দুই হাজার পাঁচশ টাকা) দাখিল করতে পারেন। এক্ষেত্রে ওবিসি বিভাগের প্রার্থীরা যারা 'ওপেন' বিভাগের আবেদনের জন্য আবেদন করছেন তারা 'ওপেন' প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য আবেদন ফি দাখিল করবেন।  
৩. বিস্তারিত বিবরণের জন্য প্রার্থীদের ড্রেশিওর দেখতে অনুরোধ করা হচ্ছে। আবেদনপত্র পূরণ করার পদ্ধতির বিষয়ে প্রার্থীদের অনলাইন আবেদনপত্র পূরণ করার আগে মনোযোগ সহকারে 'প্রার্থীদের ব্যবহার বিধি-এলপিজি বিতরণক চমন' দেখতে অনুরোধ করা হচ্ছে যেটি www.lpgvitarakchayan.in-এ ডাউনলোড পাওয়া যাবে।

- অনলাইন আবেদন দাখিল করার পর কোন নথি বা আবেদনপত্রের মুদ্রিত প্রতিলিপ না চাওয়া হলে কোন অফিসে যাতে যাতে জমা করার প্রয়োজন নেই। পরবর্তীকালে স্টার্টার মধ্যমে প্রার্থী মনোনীত হলে যোগ্যতা যাচাইয়ের সময় সেই প্রার্থীকে প্রযোজ্য মতো নির্ধারিত যোগ্যতার শংসাপত্র (প্রসি) দাখিল করতে হবে। প্রতিরক্ষা কর্মচারী বিভাগের জন্য আবেদনকারী প্রার্থীরা শংসাপত্র যাচাইয়ের সময় ডিরেক্টরেট জেনারেল রিসোর্সমেন্ট (ডিজিআর) থেকে প্রাপ্ত যোগ্যতার শংসাপত্রের মূল কপি দাখিল করবেন। বিস্তারিত বিবরণের জন্য ড্রেশিওর দেখতে অনুরোধ করা হচ্ছে।
- সাধারণ শর্তাবলী
  - কোন কারণ নির্দেশ ব্যতিরেকে নিজস্ব ইচ্ছানুসারে এই বিজ্ঞাপন বাতিল / প্রত্যাহার / সংশোধন বা আবেদনপত্র দাখিল করার নির্ধারিত তারিখ সম্প্রসারণ করার অধিকার ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড কর্তৃক সংরক্ষিত।
  - প্রতিটি আবেদনকারীকে প্রতি অবস্থানে শুধুমাত্র একটি আবেদন জমা দিতে হবে। যদি একজন ব্যক্তি একটি অবস্থানের জন্য একাধিক আবেদন জমা দেন, তবে সমস্ত আবেদন একত্রিত হবে এবং কম্পিউটারাইজড ভিত্তিতে অন্য এক আবেদন হিসাবে বিবেচিত হবে। এই ধরনের ক্ষেত্রে, অতিরিক্ত আবেদনকারীদের জন্য প্রাপ্ত কোনো আবেদন ফি বাজেয়াপ্ত করা হবে।
  - তথ্য ও আবেদনকারীদের বিভিন্ন অবস্থানের জন্য আবেদনপত্রের প্রাপ্তি আছে। প্রতিটি ক্ষেত্রেই জমা প্রযোজ্য অ-ফেততোযোগ্য আবেদন ফি সহ পৃথক অনলাইন আবেদনপত্র ও প্রতিটি অবস্থানের জন্য জমা দিতে হবে।
  - আবেদনপত্রে আবেদনকারী কর্তৃক করা কোন বিবৃতি বা আবেদন পরবর্তী দাখিল করা কোন নথির ক্ষেত্রে কোন পর্যায়ে যদি প্রমাণিত হয় যে কোন তথ্য গোপন করা হয়েছে বা ভুলভাবে উপস্থাপিত হয়েছে বা তা অসত্য বা যোগ্যতার প্রমাণিত করতে পারে, সেক্ষেত্রে কোন কারণ নির্দেশ ব্যতিরেকে আবেদনপত্র বাতিল করা হবে এবং যদি আবেদনকারী ডিস্ট্রিবিউটর হিসাবে নিযুক্ত হয়ে থাকেন তাহলেও এক্ষেত্রে তাঁর ডিস্ট্রিবিউটরশিপ বাতিল করা হবে ও অফেততোযোগ্য আবেদন ফি বাজেয়াপ্ত হবে। এসব ক্ষেত্রে আবেদনকারী / ডিস্ট্রিবিউটরদের নিষিদ্ধ অয়েল কোম্পানির কাছে কোনরকম দাবি থাকবে না।
  - এটি শুধুমাত্র একটি আবেদন, এলপিজি ডিস্ট্রিবিউটরশিপ প্রদানের কোন প্রস্তাব নয়।
  - সমস্ত ধরনের যোগাযোগ www.lpgvitarakchayan.in-এর মাধ্যমে ইমেইল এবং / অথবা এসএমএস মাধ্যমে আবেদনকারীর রেজিস্ট্রিকৃত ই-মেইল আইডি বা ফোন নম্বরে করা হবে।
  - এটি সম্পূর্ণরূপে একটি বাণ্যায়িক উপস্থাপনা এবং সংশ্লিষ্ট অয়েল কোম্পানিতে কোন চাকরির আবেদন নয়। এটিতে ব্যবসার সাধারণ বৃত্তি বর্তমান এবং এক্ষেত্রে নিশ্চিত লাভের প্রতিশ্রুতি নেই।
  - ইংরেজিতে ও আঞ্চলিক ভাষায় প্রকাশিত এই বিজ্ঞাপনে যদি কোন অসামঞ্জস্য দেখা যায় তবে আঞ্চলিক ভাষায় প্রদত্ত নির্দেশ / তথ্য বাহাল থাকবে।
  - ওয়েবসাইটে ও বিজ্ঞাপন / বিজ্ঞপ্তিতে প্রকাশিত বিবরণ যদি কোনো অসামঞ্জস্য দেখা যায় তবে বিজ্ঞাপন / বিজ্ঞপ্তিতে প্রকাশিত বিবরণ বাহাল থাকবে।
  - এই আবেদনকারী বা আবেদনকারী কর্তৃক করা কোন বিবৃতি বা আবেদন পরবর্তী দাখিল করা কোন নথির ক্ষেত্রে কোন পর্যায়ে যদি প্রমাণিত হয় যে কোন তথ্য গোপন করা হয়েছে বা ভুলভাবে উপস্থাপিত হয়েছে বা তা অসত্য বা যোগ্যতার প্রমাণিত করতে পারে, সেক্ষেত্রে কোন কারণ নির্দেশ ব্যতিরেকে আবেদনপত্র বাতিল করা হবে এবং যদি আবেদনকারী ডিস্ট্রিবিউটর হিসাবে নিযুক্ত হয়ে থাকেন তাহলেও এক্ষেত্রে তাঁর ডিস্ট্রিবিউটরশিপ বাতিল করা হবে ও অফেততোযোগ্য আবেদন ফি বাজেয়াপ্ত হবে। এসব ক্ষেত্রে আবেদনকারী / ডিস্ট্রিবিউটরদের নিষিদ্ধ অয়েল কোম্পানির কাছে কোনরকম দাবি থাকবে না।
  - আবেদনকারী তার কোন একটি আবেদনপত্রের জন্য তার আকাউন্ট / ডেভিট কার্ড আকাউন্ট থেকে অনলাইনে কোন অতিরিক্ত টাকা জমা করলে তা ফেরৎ দেওয়ার জন্য ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড কোন ভাবে দায়ী থাকবে না।
  - কোনো ডিস্ট্রিবিউটর সন্ধান, সাইটের অনুপলব্ধতা এবং ব্যক্তিগত সমস্যার কারণে অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার ক্ষেত্রে যথোচিত বিলম্বের জন্য তেল বিপণন কোম্পানি (ওএমসি) দায় হবেন করবে না। এই ধরনের বিলম্ব সংক্রান্ত কোন দাবি বিবেচনা করা হবে না।



প্রাণবন্ত জীবন; উজ্জীবিত নতুন ভারত